

বরাবর

মহাপরিচালক

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মিরপুর-২, ঢাকা।

D.G./D.P.E

৩১/০৫/২০১২

৩১/০৫/২০১২

দৃষ্টি আকর্ষণ : পরিচালক, পলিসি এন্ড অপারেশন,

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

বিষয় : একই উপজেলায় কান্দুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ থেকে এম.এ জলিল সরকারি প্রাথমিক বিদ্যালয়, গৌরীপুর, ময়মনসিংহে বদলীর অনুমতির জন্য আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার কান্দুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। আমার চাকুরিতে যোগদানের তারিখ ৩১/০৫/২০১২ খ্রিঃ। অদ্যাবধি সুনামের সহিত একই বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে কর্মরত আছি। উক্ত বিদ্যালয়টি আমার বাড়ী থেকে ২৫ কিঃমিঃ দূরে অবস্থিত। বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম, একই উপজেলার এম.এ জলিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের একটি পদ শূন্য আছে। উক্ত বিদ্যালয়ে বদলী হলে আমার শারীরিক, মানসিক, আর্থিক দিক থেকে পরিত্রাণ পাব। উল্লেখ থাকে যে, আমার বিদ্যালয়ে বর্তমান শিক্ষক সংখ্যা ০৫ জন সবাই কর্মরত আছি।

অতএব মহোদয় সমীপে আমার সকল দিক বিবেচনা করে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার এম.এ জলিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলী করতঃ একান্ত মর্জি ফরমাইবেন।

৩১/০৫/২০১২

তারিখ : ০২/০২/২০১২

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	
মহাপরিচালক	
তারিখ :	
<input type="checkbox"/> অতিরিক্ত মহাপরিচালক	
<input checked="" type="checkbox"/> পরিচালক (প্রশাসন)	
<input type="checkbox"/> পরিচালক (অর্থ ও সংগ্রহ)	
<input type="checkbox"/> পরিচালক (পলিসি ও অপারেশন)	
<input type="checkbox"/> পরিচালক (প্রশিক্ষণ)	
<input type="checkbox"/> পরিচালক (পরিচালনা ও উন্নয়ন)	
<input type="checkbox"/> পরিচালক (পরিবাহণ ও মূল্যায়ন)	
<input type="checkbox"/> পরিচালক (প্রোগ্রাম কো-অর্ডিনেটর)	
<input type="checkbox"/> পরিচালক (সেকেন্ড চার্জ এডুকেশন)	
<input type="checkbox"/> সিস্টেম অ্যানালিস্ট	
<input type="checkbox"/> প্রকল্প পরিচালক	
<input type="checkbox"/> সিস্টেম এনালিস্ট	
<input type="checkbox"/> উপপরিচালক	
<input type="checkbox"/> সহকারী পরিচালক	
মহাপরিচালক	

নিবেদক

খুরশিদ জাহান
(মোছাঃ খুরশিদ জাহান)
সহকারী শিক্ষক

কান্দুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
গৌরীপুর, ময়মনসিংহ।

৩১/০৫/২০১২